# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৮৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৯. প্রথম অনুচ্ছেদ - বক্তৃতা ও কবিতা আবৃত্তি

بَابُ الْبَيَانِ وَالشّعْرِ

আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «هَلَكَ الْمُتَنَطِّعُونَ» . قَالَهَا ثَلَاثًا. رَوَاهُ مُسلم

বাংলা

৪৭৮৫-[৩] ইবনু মাস্‌’ঊদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কথায় অতিরঞ্জনকারীরা ধ্বংস হয়েছে। তিনি এ বাক্যটি তিনবার বলেছেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৭-(২৬৭০), আবূ দাঊদ ৪৬০৮, সহীহুল জামি‘ ৭০৩৯, মুসনাদুল বাযযার ১৮৭৮, মুসনাদু ইবনু আবূ শায়বাহ্ ১৯৮, আহমাদ ৩৬৫৫, মুসনাদু আবূ ইয়া‘লা ৫২৪২, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১০২১৭।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (الْمُتَنَطِّعُونَ)চরমপন্থী অর্থাৎ দীনের ব্যাপারে বাড়াবাড়িকারী এবং কথায় ও কাজে সীমালঙ্ঘনকারী।

* কথার সীমালঙ্ঘন হলো অনর্থক কথাকে সুন্দরভাবে উপস্থাপন করা।

* কাজের সীমালঙ্ঘন হলো দীন গর্হিত কোন কাজকে সুন্দরভাবে উদযাপন করা।

(মিরক্বাতুল মাফাতীহ; শারহুন নাবাবী ১৬শ খন্ড, হাঃ ২৬৭০/৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75509

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন